

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯০৭

আগরতলা, ২০ ফেব্রুয়ারি, ২০২৪

রাজভবনে অরুণাচল প্রদেশ ও মিজোরামের পূর্ণরাজ্য দিবস পালন

রাজভবনে আজ সন্ধ্যায় এক অনুষ্ঠানে অরুণাচল প্রদেশ ও মিজোরামের পূর্ণরাজ্য দিবস পালন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দুসেনা রেডি নাল্লু। পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে রাজ্যপাল এই দুই রাজ্যের নাগরিকদের উষ্ণ অভিনন্দন জানান। অনুষ্ঠানে অরুণাচল প্রদেশ ও মিজোরাম রাজ্যের উপর দু'টি ভিডিও প্রদর্শিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক ও অন্যান্য আধিকারিকগণ। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*